

ফরাসি দলিল মস্কোর লিখিত প্রবন্ধে মহাসচিবের মন্তব্য

সামগ্রিকভাবে বিবেচনা করলে দলিলটি বিভিন্ন বিষয়ে বিশ্ব একতার একটি অপূর্ব বহিঃপ্রকাশ।

কয়েক সপ্তাহের তীব্র বাদানুবাদের পর এটা একটা স্বস্তিকর খবর। গত মঙ্গলবার (১৩ সেপ্টেম্বর ২০০৫) সকাল পর্যন্ত, যখন বিশ্ব নেতৃবৃন্দ নিউ ইয়র্কে আসা শুরু করে দিয়েছে, তখনও ২৭টি অমীমাংসিত বিষয়ে ১৪০টি মতবিরোধ ছিল।

এতে এমন কিছু সিদ্ধান্ত রয়েছে, যা শান্তিরক্ষা, শান্তিপ্রতিষ্ঠা ও শান্তিবিনির্মাণের জন্য জাতিসংঘের সামর্থ্যকে শক্তিশালী করবে। এর মধ্যে রয়েছে নতুন শান্তিবিনির্মাণ কমিশন তৈরির জন্য বিস্তারিত কর্মপরিকল্পনা, যাতে যুদ্ধবিধ্বস্ত দেশগুলোতে স্থায়ী শান্তি প্রতিষ্ঠায় আরো সংহত ও টেকসই আন্তর্জাতিক প্রয়াস নিশ্চিত করা যায়।

এর একটা সীমাবদ্ধতা হল এতে সন্ত্রাসবাদের সুস্পষ্ট সংজ্ঞা নেই যার জন্য আমি তাগিদ দিয়েছিলাম। কিন্তু এখানে জাতিসংঘের ইতিহাসে প্রথমবারের মত সকল সদস্য রাষ্ট্র সব রকম সন্ত্রাস ও এর সব রকম বহিঃপ্রকাশ এবং তা যে, যখন, যে উদ্দেশ্যেই করুক না কেন, তাকে শর্তহীনভাবে নিন্দা করেছে।

কিন্তু তারা মহাসচিবকে শক্তিশালী নির্বাহী কর্তৃত্ব দানের সুস্পষ্ট অঙ্গীকার থেকে সরে এসেছে। জাতিসংঘের ক্রমপ্রসারমান কর্মকাণ্ড বাস্তবায়ন করার জন্য আমার ও আমার উত্তরসূরীদের এ ধরনের কর্তৃত্ব প্রয়োজন।

নিরাপত্তা পরিষদ সংস্কারের জন্য আমি প্রস্তাব দিয়েছিলাম, যাতে একে আজকের বাস্তবতা অনুযায়ী আরো বেশি প্রতিনিধিত্বশীল করা যায়। এখানেও নীতিগতভাবে ঐকমত্য হয়েছে কিন্তু সমস্যা হল খুঁটিনাটি বিষয়ে।

এখন পর্যন্ত দলিলটিতে সবচেয়ে বড় ত্রুটি হল পারমাণবিক অস্ত্র বিস্তার সমস্যা মোকাবেলায় এর ব্যর্থতা। নিশ্চিতভাবেই নিকট ভবিষ্যতে এটাই আমাদের জন্য সবচেয়ে বিপদজনক হুমকি, কারণ এ ধরনের অস্ত্র সন্ত্রাসবাদীরা সংগ্রহ করার চেষ্টা করছে।